

যুগান্তর

তারিখ 07 FEB 2007
পৃষ্ঠা ৭

১০০০
২৯০০

হাবিপ্রবির ৯৮ জন শিক্ষক কর্মকর্তা কর্মচারীর বেতন বন্ধ

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৯৮ জন শিক্ষক,
কর্মকর্তা-কর্মচারীর বেতন বন্ধ হয়ে গেছে।
২০০৫ সালের জুলাই মাসের পর বিশ্ববিদ্যালয়
মঞ্জুরি কমিশনের অনুমতি নাভিতরক্রে যেসব
শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীকে মিয়োগ প্রদান করা
হয়েছিল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তাদের
জন্য এখন পর্যন্ত কোন অর্থ ব্যয় না দেয়ায়
বিপাকে পড়ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এতদিন
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফান্ড থেকে টাকা কর্তৃ
করে কর্তৃপক্ষ তাদের বেতন নিয়মিত পরিশোধ
করে আসছিল। কিন্তু বর্তমানে আর তেমন কোন
বাড়তি অর্থ বিশ্ববিদ্যালয়ের ফান্ডে না থাকার
কারণে কর্তৃপক্ষ তাদের বেতন বন্ধ করে
দিয়েছে। এ ক্ষেত্রে বিজেসি বোর্ডের মিটিংয়ে
এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়। মঙ্গলবার বেতন
বন্ধ হওয়া কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার
অধ্যাপক আবদুল মজিদদের সঙ্গে দেখা করে
তাদের বেতনের দাবিসহ চাকরি স্থায়ী রাখার
দাবি জানান।